২৭ MAY 2015
তারিখ ............
পৃষ্ঠা ...... কলাম ......

সমকাল

# জাবিতে ছাত্রলীগের দুই গ্রুপে ধাওয়া-পাল্টা ধাওয়া, আহত ৩

■ জাবি সংবাদদাতা

## টেন্ডার ভাগবাটোয়ারা

টেন্ডারের ভাগবাটোয়ারা নিয়ে কথা কাটাকাটির জেরে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের দুই গ্রুপের ধাওয়া-পাল্টা ধাওয়ায় তিনজন আহত হয়েছেন। গতকাল মঙ্গলবার বেলা আড়াইটা থেকে বিকেল ৫টা পর্যন্ত থেমে থেমে এই ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে।

আহতরা হলেন ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র আলমগীর হোসেন মিজান, ছাত্রলীগের বহিষ্কৃত উপক্রীড়া সম্পাদক এবং জার্নালিজম বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী আবদুর রহিম জুয়েল এবং সাবেক ছাত্রলীগ নেতা এবং ভূগোল ও পরিবেশ বিভাগের সাবেক শিক্ষার্থী আবু সাঈদ।

জানা গেছে, ক্যাম্পাসে ঝড়ে ভেঙে-পড়া এবং মরে যাওয়া বিভিন্ন গাছ কাটার জন্য মঙ্গলবার দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের কার্যালয়ে একটি টেন্ডার অনুষ্ঠিত হয়। সেই টেন্ডারটি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের বহিষ্কৃত উপক্রীড়া সম্পাদক আবদুর রহিম জুয়েল এবং কামাল উদ্দীন হলের অপর ছাত্রলীগ নেতা জুয়েল রানার অনুকূলে যায় বলে জানা যায়।

পরে বেলা আড়াইটার দিকে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনের রাস্তায় টেন্ডারের ভাগবাটোয়ারা নিয়ে নিজেদের মধ্যে বাকবিতণ্ডা হয়। এক পর্যায়ে জুয়েল রানাসহ কামাল উদ্দীন হলের ছাত্রলীগ নেতাকর্মীরা আবদুর রহিম জুয়েলকে মারধর করে চলে যায়।

এ খবর আবদুর রহিম জুয়েলের আবাসিক হল মীর গশাররফ হোসেন হলে পৌঁছলে ছাত্রলীগ নেতাকর্মীরা বেলা সাড়ে ৩টার দিকে কামাল উদ্দীন হলে আক্রমণ চালাতে আসে। এ সময় দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়।

এ সময় সংঘর্ষ থামাতে গেলে বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর শিকদার মো. জুলকারনাইনকেও লাঞ্ছিত করে মীর মশাররফ হোসেন হলের ছাত্রলীগ কর্মীরা।

ছবি তুলতে গেলে ওই হলের ছাত্রলীগ কর্মীরা আলমগীর হোসেন মিজানকে মারধর করে। এ সময় সাংবাদিক সমিতির সভাপতি মো. জনি আলমকে লাঞ্ছিত করা হয়। পরে ছাত্রলীগ সভাপতি মাহমুদুর রহমান জনি এবং সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেলের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। এর কিছুক্ষণ পর সালাম-বরকত হলের পাশ দিয়ে মীর মশাররফ হলের কিছু ছাত্রলীগ কর্মী হঠাৎ হামলা চালিয়ে পালিয়ে যায়। এ সময় সাবেক ছাত্রলীগ নেতা এবং ভূগোল ও পরিবেশ বিভাগের সাবেক শিক্ষার্থী আবু সাঈদ তাদের আক্রমণের শিকার হয়।

এ বিষয়ে উপ-উপাচার্য অধ্যাপক আবুল হোসেন বলেন, এ ঘটনায় প্রক্টর টিমকে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।